

WFID Dashboard উন্নয়নের আগে ও পরে

বিষয়	WFID Dashboard -এর পূর্বে	WFID Dashboard -এর পরে
জেডারভিত্তিক তথ্যের প্রাপ্যতা	বিভিন্ন প্রতিষ্ঠানে বিচ্ছিন্নভাবে সংরক্ষিত	একটি কেন্দ্রীয় প্ল্যাটফর্মে হালনাগাদকৃত
নীতি বিশ্লেষণ	সীমিত জেডারভিত্তিক বিশ্লেষণ	উপাত্তভিত্তিক পর্যবেক্ষণ
বিভিন্ন আর্থিক খাত ভিত্তিক তুলনা	পৃথক পৃথক রিপোর্টিং ব্যবস্থা	একটি ড্যাশবোর্ডে ছয়টি খাত পাশাপাশি তুলনায়োগ্য
সিদ্ধান্ত গ্রহণ	সীমিত তথ্যের ওপর নির্ভরশীল	তথ্যনির্ভর নীতি প্রণয়ন
অংশীজন সমন্বয়	বিচ্ছিন্ন	সমন্বিত প্ল্যাটফর্মের মাধ্যমে অংশীজনদের পারস্পরিক সমন্বয় বৃদ্ধি

ভবিষ্যৎ পরিকল্পনা

ড্যাশবোর্ডের মাধ্যমে চিহ্নিত বৈষম্যগুলো ভবিষ্যতে সুনির্দিষ্ট নীতি ও উদ্যোগ প্রণয়নের ভিত্তি হিসেবে ব্যবহৃত হবে, ফলে দেশের আর্থিক ব্যবস্থায় সমান অংশগ্রহণ নিশ্চিত করা সম্ভব হবে।



Women Financial Inclusion Data (WFID) Dashboard

দেশের প্রথম জেডার লেঙ্গ দিয়ে দেখা আর্থিক খাতের ছবি

এনএফআইএস অ্যাডমিনিস্ট্রিটিভ ইউনিট

বাংলাদেশ ব্যাংক।



মেলায় প্রদর্শিত
সকল লিফলেট
পেতে স্ক্যান করুন



Women Financial Inclusion Data (WFID) Dashboard দেশের প্রথম "জেডার লেঙ্গ" দিয়ে দেখা আর্থিক খাতের ছবি



এনএফআইএস অ্যাডমিনিস্ট্রিটিভ ইউনিট

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-১০০০।

Website : www.wfidbb.org.bd



দেশের আর্থিক খাতে নারীর প্রকৃত অবস্থান তুলে ধরার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক Women Financial Inclusion Data (WFID) Dashboard উন্নয়ন করেছে, যা দেশের প্রথম জেন্ডারভিত্তিক সমন্বিত আর্থিক অন্তর্ভুক্তি পর্যবেক্ষণ প্ল্যাটফর্ম (www.wfidbb.org.bd)। ড্যাশবোর্ডটি বিভিন্ন রেগুলেটরের একাধিক বিচ্ছিন্ন ওয়েবসাইটে থাকা উপাত্তসমূহকে একক ইন্টারঅ্যাকটিভ প্ল্যাটফর্মে একীভূত করেছে, যেখানে ছয়টি (ব্যাংক, ফাইন্যান্স কোম্পানি, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস), ক্ষুদ্রঋণ, বীমা ও পুঁজিবাজার) প্রধান আর্থিক খাতে নারীর অংশগ্রহণের চিত্র সহজেই পর্যবেক্ষণযোগ্য। ২০২৪ সালে ড্যাশবোর্ডটি কেবল ব্যাংক ফাইন্যান্স কোম্পানি, এমএফএস এবং ক্ষুদ্রঋণ এর তথ্য দিয়ে যাত্রা শুরু করে যেখানে ২০২৬ সালে বীমা ও পুঁজিবাজার এর তথ্য সংযোজনের মাধ্যমে বাংলাদেশ বিশ্বের প্রথম দেশ হিসেবে ছয়টি প্রধান আর্থিক খাতের তথ্য একক ড্যাশবোর্ড-এ প্রকাশ করা শুরু করে। ড্যাশবোর্ডে নারী-পুরুষের হিসাব সংখ্যা ও লেনদেনের তুলনামূলক উপাত্ত, বিভাগভিত্তিক আর্থিক অন্তর্ভুক্তির হার এবং শহর ও গ্রামাঞ্চলের মধ্যকার তুলনামূলক চিত্র অন্তর্ভুক্তির রয়েছে। উপাত্তসমূহ প্রতি ত্রৈমাসিকে হালনাগাদ করা হয়, যা এটিকে একটি নিয়মিত হালনাগাদকৃত পাবলিক মনিটরিং টুল হিসেবে কার্যকর করে তুলেছে।



WFID Dashboard -এর বৈশিষ্ট্য

- নারীর আর্থিক অন্তর্ভুক্তি বিষয়ক প্রথম সমন্বিত জাতীয় তথ্য প্ল্যাটফর্ম;
- বিভিন্ন আর্থিক খাত একটি অভিন্ন মনিটরিং কাঠামোর আওতায় নিয়ে আসা;
- ইন্টারেক্টিভ ডাটা ভিজুয়লাইজেশনের মাধ্যমে বিশ্লেষণ সহজীকরণ;
- তথ্যনির্ভর সিদ্ধান্ত গ্রহণ ও লক্ষ্যভিত্তিক নীতি প্রণয়নে সহায়তা;
- জেন্ডারভিত্তিক সূচক ও রিপোর্টিং কাঠামোর মানসম্মতকরণ;

WFID Dashboard -এর উপকারিতা

ফলাফল	প্রধান উপকারভোগী
➤ নারীর আর্থিক অন্তর্ভুক্তির অগ্রগতি নিয়মিত পর্যবেক্ষণের সক্ষমতা; ➤ খাতভিত্তিক জেন্ডার বৈষম্য সুনির্দিষ্টভাবে চিহ্নিতকরণ; ➤ নারীবান্ধব আর্থিক পণ্য ও অন্তর্ভুক্তিমূলক নীতি প্রণয়নের জন্য উপাত্তভিত্তিক প্রামাণ্য চিত্র; ➤ অংশীজন সমন্বয় বৃদ্ধির প্ল্যাটফর্ম।	➤ বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন বিভাগ; ➤ ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহ; ➤ সরকারি সংস্থা, গবেষক ও নীতিনির্ধারক; ➤ নারী আর্থিক অন্তর্ভুক্তি সংশ্লিষ্ট অংশীজন; ➤ উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহ।